

সোমবার থেকে কমপ্লিট শাটডাউনের ঘোষণা শিক্ষকদের

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ১৫:৩২, ২৭ নভেম্বর ২০২৫; আপডেট: ১৬:২০, ২৭

নভেম্বর ২০২৫



দশম গ্রেড থেকে নবম গ্রেডে উন্নীতকরণ করা না হলে আগামী সোমবার (১ ডিসেম্বর) থেকে কমপ্লিট শাটডাউনে ঘাওয়ার ঘোষণা দিয়েছেন উচ্চ মাধ্যমিক শিক্ষকরা।

বহুপ্রতিবার (২৭ নভেম্বর) সকালে শিক্ষা ভবনের সামনে বাংলাদেশ মাধ্যমিক শিক্ষক সমিতির ব্যানারে অবস্থান নিয়ে এ কর্মসূচির ঘোষণা দেন তাঁরা।

আন্দোলনরত শিক্ষকদের ভাষ্য, "অনেক নিচের গ্রেডের পদও নবম গ্রেডে উন্নীতকরণ করা হয়েছে। কিন্তু ন্যায্যতা থাকা সত্ত্বেও শুধুমাত্র দশম গ্রেডের সহকারী শিক্ষক পদটির কোনো নড়াচড়া নেই।"

দীর্ঘদিন ধরে বৈষম্যের শিকার হচ্ছেন উল্লেখ করে রাজবাড়ী উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মো. সালাউদ্দিন জানান, এর আগেও বেশ কয়েকবার এজন্য আন্দোলন করেছেন। তবে এবার দাবি আদায় করেই শিক্ষাপ্রতিষ্ঠানে ফিরবেন বলেও জানিয়েছেন আন্দোলনরত শিক্ষকরা।

এর আগে সকাল থেকেই দশম গ্রেড থেকে নবম গ্রেডে উন্নীতকরণের দাবিতে শিক্ষা ভবনের সামনে জড়ো হতে থাকেন আন্দোলনরত শিক্ষকরা। এ সময় দাবি আদায়ে নানা স্লোগানও দেন তাঁরা।

এ সময় উপস্থিত ছিলেন বিএল সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক রাফি
আহমেদ, মজিদা সরকারি উচ্চ বিদ্যালয়ের লিয়েন আল মাসুম, করোনেশন
সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ওমর ফারুক এবং ঢাকা কলেজিয়েট
স্কুলের শিক্ষক নাহিয়ান।